



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন ॥

ছাত্র হলের মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল চ্যাম্পিয়ন এবং শহীদ সালাম বরকত হল রানার আপ ॥

ছাত্রী হলের মধ্যে বেগম সুফিয়া কামাল হল চ্যাম্পিয়ন এবং শেখ হাসিনা হল রানার আপ

দ্রুততম মানব সিফাত ফারহান সানি এবং দ্রুততম মানবী ফাতেমা-তুজ-জোহরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ ফেব্রুয়ারি ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ সম্পন্ন হয়েছে। সকালে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম প্রধান অতিথি হিসেবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার। প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক নিগার সুলতানার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, হল প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় সভাপতি, শারীরিক শিক্ষা অফিসের ভারপ্রাপ্ত পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ছাত্র হলের মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ৫৮ পয়েন্ট অর্জন করে চ্যাম্পিয়ন ও শহীদ সালাম বরকত হল ৪২ পয়েন্ট পেয়ে রানার আপ, ছাত্রী হলের মধ্যে বেগম সুফিয়া কামাল হল ৩০ পয়েন্ট অর্জন করে চ্যাম্পিয়ন এবং শেখ হাসিনা হল ২০ পয়েন্ট অর্জন করে রানার আপ হয়েছে।

ছাত্রদের মধ্যে রাসেল মাহমুদ ১৮ পয়েন্ট পেয়ে ব্যক্তিগত চ্যাম্পিয়ন এবং ছাত্রীদের মধ্যে ফাতেমা তুজ জোহরা ১৮ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

প্রতিযোগিতায় সিফাত ফারহান সানি দ্রুততম মানব এবং ফাতেমা-তুজ-জোহরা দ্রুততম মানবী হন।

প্রতিযোগিতা শেষে অতিথিবৃন্দ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

